**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 29-03-2026** | **Desk in Charge : SDG**
**Time:- 7. 35 AM** | **Edit. & Compile. : Sudip B.**
**DEO: KB** | **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর ঃ-</u>

১/ অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে শুধু ভোটার তালিকা থেকেই নয়, দেশ থেকেও বিতাড়িত করা হবে বলে, বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। #রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে অপশাসনের অভিযোগ তুলে 'জনগণের চার্জশিট' প্রকাশ করেছেন তিনি।

২/ অনুপ্রবেশ নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস। #রাজ্যের প্রতি বঞ্চনার অভিযোগ তুলেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৩/ রাজ্যে SIR প্রক্রিয়ার তৃতীয় অতিরিক্ত তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। #স্বচ্ছ ও অবাধ নির্বাচন নিশ্চিত করতে আরো বেশী করে প্রযুক্তিকে কাজে লাগানোর সিদ্ধান্ত।

৪/ সুপ্রিম কোর্টের নির্দেশের প্রেক্ষিতে, ২০১৬ থেকে ১৯ পর্যন্ত মহার্ঘ্যভাতার পুরো বকেয়া, ৩১শে মার্চের মধ্যে মিটিয়ে দেওয়া হবে বলে রাজ্য সরকার বিজ্ঞপ্তি জারি করেছে। #তবে, শিক্ষক-শিক্ষা কর্মী, পর্ষদ, কর্পোরেশন, পঞ্চায়েত, পুরসভা কর্মীদের, এর বাইরে রাখা হয়েছে।

৫/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আজ আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন।

৬/ IPL ক্রিকেট প্রতিযোগিতায় কলকাতা নাইট রাইডার্স আজ ওয়াংখেড়ে স্টেডিয়ামে মুম্বাই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে।

******************************************************************

অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে শুধু ভোটার তালিকা থেকে নয়, দেশ থেকে বিতাড়িত করা হবে বলে বরিষ্ঠ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ফের জানিয়েছেন। গতকাল কলকাতায় তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে জনগনের চার্জশীট নথী প্রকাশ করে সাংবাদিকদের কাছে শ্রী শাহ বলেন, আসন্ন বিধানসভা নির্বাচন শুধু বাংলার জন্য নয়, দেশের নিরাপত্তার জন্যও অত্যন্ত গুরুত্বপুর্ণ। তিনি বলেন, আসামে বিজেপি সরকার গঠনের পর অনুপ্রবেশ অনেকাংশে বন্ধ হয়েছে। এখন একমাত্র পশ্চিমবঙ্গ দিয়েই অনুপ্রবেশ হচ্ছে।

( বাইট- অমিত শাহ/ অনুপ্রবেশ )

এসআইআর নিয়ে তৃণমূল কংগ্রেসের কড়া সমালোচনা করে শ্রী শাহ বলেন, দেশের অন্যান্য রাজ্যে শান্তিপূর্ণভাবে এসআইআর হলেও একমাত্র পশ্চিমবঙ্গে এমন পরিস্থিতি তৈরি হয়েছে যে সুপ্রিম কোর্টকে জুডিশিয়াল অফিসার নিয়োগ করতে হয়েছে। অবৈধ অনুপ্রবেশকারীদের শুধুমাত্র ভোটার তালিকা থেকে নয়, দেশ থেকে বহিষ্কার করা হবে বলে ফের একবার জানিয়েছেন শ্রী শাহ। বিগত ১৫ বছর ধরে রাজ্যে তৃণমূল কংগ্রেস অপশাসনের বিরুদ্ধে চার্জশিট পেশ করে শ্রী শাহ বলেন, তৃণমূল কংগ্রেস ভয়, দুর্নীতি, বিভাজন এবং হিংসার মাধ্যমে ক্ষমতা ধরে রাখতে চাইছে। রাজ্যে মানুষের বিশেষ করে মহিলাদের কোন নিরাপত্তা নেই। ১৫ বছর আগে মা মাটি মানুষের স্লোগান দিয়ে ক্ষমতায় আসা সরকার আজ মানুষের সঙ্গে প্রতারণা করেছে।

( বাইট- অমিত শাহ/ TMC )

শ্রী শাহ বাংলার মানুষকে ভয় ত্যাগ করে নিজের অধিকার প্রয়োগ এবং তৃণমূল সরকারের অবসান ঘটানোর আহ্বান জানান। তিনি বলেন, বাংলায় বিজেপি সরকার প্রতিষ্ঠিত হলে অঙ্গ ,বঙ্গ এবং কলিঙ্গ তিন রাজ্যেই বিজেপি ক্ষমতায় আসবে।

*************************

এদিকে, অনুপ্রবেশ নিয়ে অমিত শাহের বক্তব্যের সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস। এক সাংবাদিক সম্মেলনে দলের নেতা তথা শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু গতকাল বলেন,

অনুপ্রবেশ-এর মাধ্যমের দেশের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার যে অভিযোগ বিজেপি করছে তা সঠিক নয়।

( বাইট- ব্রাত্য )

অন্যদিকে, পুরুলিয়া জেলার নিতুড়িয়া এবং কাশিপুরে পর পর দুটি নির্বাচনী জনসভায় বিজেপির বিরুদ্ধে রাজ্যের প্রতি বঞ্চনার অভিযোগ তুলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

*************************

পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়ায় তৃতীয় অতিরিক্ত তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। গতরাতে এই তালিকা প্রকাশ করা হয়। তবে নিষ্পত্তি হওয়া কত জন ভোটারের নাম এই তৃতীয় অতিরিক্ত তালিকায় রয়েছে, তা আলাদা ভাবে প্রকাশ্যে আসেনি। ২৮শে ফেব্রুয়ারি রাজ্যের চূড়ান্ত ভোটার তালিকার প্রাথমিক অংশ প্রকাশ করেছিল কমিশন। গত সোমবার ২৩শে মার্চ বিবেচনাধীন ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা প্রকাশিত হয়। কমিশন জানায়, সে দিনের তালিকায় ২৭ লক্ষের কাছাকাছি নাম প্রকাশ করা হয়েছিল।

প্রতিদিন যাতে সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশ করা যায়, সেই জন্য আদালতের কাছে আবেদন করে কমিশন। এবার প্রতিদিন তালিকা প্রকাশ করা হবে বলেও কমিশন সূত্রে জানা গেছে। যাঁদের নাম বাদ পড়বে, তাঁরা ট্রাইবুনালে আবেদন জানানোর সুযোগ পাবেন। ট্রাইবুনাল তাঁদের সেই আবেদন খতিয়ে দেখবে।

*************************

স্বচ্ছ ও অবাধ নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন কমিশন এবার আরো বেশি করে প্রযুক্তিকে কাজে লাগাবে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল একথা জানিয়েছেন। তিনি বলেন, এবার শুধু বুথের ভিতরের নিরাপত্তা নয়, বুথের বাইরেও সমান নজরদারি থাকবে। বুথের আশপাশে ভোটারদের বাধা দেওয়া বা ভয় দেখানোর মতো ঘটনাকেও ‘বুথ দখল’ হিসেবে ধরা হবে বলে স্পষ্ট জানানো হয়েছে। আগে বুথের ভিতরে একটি করে

সিসিটিভি ক্যামেরা থাকলেও এবার বুথের ভিতর ও বাইরে—দুই জায়গাতেই ক্যামেরা বসানো হবে।

( বাইট- মনোজ কুমার আগরওয়াল )

************************

SIR প্রক্রিয়ায় তিন দফা অতিরিক্ত তালিকা প্রকাশের পরও, তৃণমূল কংগ্রেসের একাধিক প্রার্থীর নাম এখনো বিবেচনাধীন থাকায়, তাঁদের প্রার্থীপদ নিয়ে জটিলতা তৈরী হয়েছে। এই বিষয়টি নিয়ে দলের তরফে কলকাতা হাইকোর্টের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে বলে খবর। শশী পাঁজা ও কাজল শেখের মতো কয়েকজন প্রার্থীর নাম অতিরিক্ত তালিকায় উঠলেও, এখনো অন্ততঃ আটজন প্রার্থী অ্যাডজুডিকেশন বা বিচারাধীন। এই পরিস্থিতিতে দলের পক্ষ থেকে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে চিঠি দিয়ে দ্রুত হস্তক্ষেপের আর্জি জানিয়েছেন।

************************

ভোট প্রশিক্ষণ কেন্দ্রে কর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবী জানিয়ে সংগ্রামী যৌথ মঞ্চ, নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে। নদীয়ার রাণাঘাটে ভোট কর্মীর ওপর আক্রমণের ঘটনায় নিরপেক্ষ তদন্ত ও দোষীদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের'ও দাবী জানানো হয়েছে।

এদিকে, শিলিগুড়িতে প্রশিক্ষণ চলাকালীন নিরাপত্তার দাবিতে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবী তুলেছেন ভোটকর্মীরা। শহরের শিলিগুড়ি গার্লস হাই স্কুল এবং বয়েজ স্কুল-দুই জায়গাতেই এই প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হচ্ছে। রানাঘাটে এক ভোটকর্মীকে মারধরের ঘটনার পর শিলিগুড়িতেও নিরাপত্তার দাবি উঠেছে।

রানাঘাটের ঘটনায় নিজামুদ্দিন সর্দার ও মানস ব্যানার্জি নামে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। দুজনেই ব্লক অফিসে কর্মরত। ধৃতদেরকে গতকাল রানাঘাট আদালতে তোলা হলে, জামিন মঞ্জুর হয়েছে।

************************

রাজ্যের ২৯৪টি বিধানসভা আসনেই কংগ্রেস প্রার্থী দেবে। গতকাল দিল্লীতে কংগ্রেসের হাই কমান্ডের এক উচ্চ পর্যায়ের বৈঠকে এই প্রার্থী তালিকা চূড়ান্ত হয় বলে সূত্রের খবর। পশ্চিমবঙ্গের AICC-র পর্যবেক্ষক গুলাম আহমেদ মীর জানিয়েছেন, আপাতত ২৮৬ টি আসনের প্রার্থী তালিকা আজ প্রকাশিত হতে পারে। বাকি ৮ আসনের জন্য আরও বিস্তারিত রিপোর্ট চেয়েছে হাই-কমান্ড। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার গতকালের বৈঠকে উপস্থিত ছিলেন।

*************************

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি। এই নির্বাচনে অন্যতম গুরুত্বপূর্ণ জেলা হল- পুরুলিয়া । এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

( ভিসি- পুরুলিয়া)

*************************

সুপ্রিম কোর্টের নির্দেশের প্রেক্ষিতে ২০১৬ থেকে ১৯ পর্যন্ত মহার্ঘ্যভাতার পুরো বকেয়া, ৩১শে মার্চের মধ্যে মিটিয়ে দেওয়া হবে বলে রাজ্য সরকার বিজ্ঞপ্তি জারি করেছে। এক দফাতেই রাজ্য সরকারি কর্মী ও অবসরপ্রাপ্তদের এই বকেয়া দিয়ে দেওয়া হবে। চতুর্থ শ্রেণীর কর্মী, অবসরপ্রাপ্ত এবং পারিবারিক পেনশন প্রাপকদের টাকা সরাসরি অ্যাকাউন্টে যাবে। বাকি কর্মীদের ক্ষেত্রে টাকা যাবে GPF অ্যাকাউন্টে।

উল্লেখ্য, শিক্ষক-শিক্ষা কর্মী, বোর্ড, কর্পোরেশন, পঞ্চায়েত, পুরসভা সহ কর্মীদের এই হিসেবের বাইরে রাখা হয়েছে।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আজ আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও

দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

*************************

এবারের IPL ক্রিকেট প্রতিযোগিতায় আজ কলকাতা নাইট রাইডার্স এবারের আইপিএলে তাদের প্রথম ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্স এর মুখোমুখি হবে। মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

*************************

স্থানীয়ভাবে কোথাও কোথাও বজ্রগর্ভ মেঘের সঞ্চার হয়ে বৃষ্টির সম্ভাবনা থাকলেও সামগ্রিকভাবে সারা রাজ্যে আজ থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা কমবে। তবে মঙ্গলবার কলকাতা ও পার্শ্ববর্তী এলাকা এবং রাজ্যের কোথাও কোথাও হালকা ঝড় বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

এদিকে, আগামীকাল পর্যন্ত দিনের তাপমাত্রা কম থাকার সম্ভাবনা থাকলেও এপ্রিল মাসের শুরু থেকেই বাড়তে চলেছে তাপমাত্রা। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে সামান্য বেশি।

*******************************************************************